আইন ও সালিশ কেন্দ্র (আসক)
মানবাধিকার ও আইন সহায়তা সংগঠন



# ত্রৈমাসিক শিশু অধিকার প্রতিবেদন

জুলাই-সেপ্টেম্বর ২০২৪

## প্রতিবেদন সম্পর্কে

দেশের সামগ্রিক উন্নয়ন ও শিশুদের পরিপূর্ণ বিকাশের জন্য শিশু অধিকার সম্পর্কে সরকারের পাশাপাশি বেসরকারি পর্যায়ে নাগরিক, পেশাজীবি ও মানবাধিকার সংস্থাগুলোর মধ্যে সংযোগ স্থাপন অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিশু অধিকার রক্ষা ও উন্নয়নে ইতিবাচক উদ্যোগ, সফলতা ও শিশু অধিকার লঙ্ঘনের বিষয়ে সংগৃহীত তথ্য নাগরিক সমাজের সদস্য, শিশু অধিকার সংগঠন এবং শিশু ও যুবকদের মধ্যে বিতরণ এবং তাদের এ সংক্রান্ত কার্যক্রমে সহায়তার উদ্দেশ্যে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে।
এ প্রতিবেদনে গণমাধ্যমে প্রকাশিত তথ্যের ওপর ভিত্তি করে বাংলাদেশের শিশু অধিকার পরিস্থিতির ত্রৈমাসিক চিত্র তুলে ধরার প্রচেষ্টা নেয়া হয়েছে।

## উল্লেখযোগ্য সংবাদ

### গুলিতে নিহত চার শিশুর পরিবারকে ক্ষতিপূরণ দিতে রিট

কোটাবিরোধী আন্দোলন চলাকালে গুলিতে নিহত শিশু আব্দুল আহাদ (৪), রিয়া গোপ (৬), সাফকাত সামির (১১) ও নাইমা আক্তার সুলতানার (১৫) পরিবারকে ক্ষতিপূরণ দিতে রিট আবেদন করা হয়েছে।
৩১ জুলাই (বুধবার) আইনজীবী তৈমুর আলম খন্দকার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিট দায়ের করেন। রিটে শিশুদের প্রত্যেক পরিবারকে এক কোটি টাকা করে ক্ষতিপূরণ দিতে আর্জি জানানো হয়েছে। একই সঙ্গে এসব ঘটনায় বিচারবিভাগীয় তদন্ত চাওয়া হয়েছে।
গত ১৯ জুলাই বিকেলে আন্দোলন চলাকালে রাজধানীর যাত্রাবাড়ীর রায়েরবাগ এলাকার একটি বাড়িতে গুলি লাগে শিশু আহাদের। আহাদ তাদের বাসার বারান্দায় দাঁড়িয়ে ছিল। গুলিটা তার ডান চোখে বিদ্ধ হয়ে মাথার ভেতরেই আটকে যায়। একই দিন নারায়ণগঞ্জের নয়ামাটি এলাকায় বাসার ছাদে খেলার সময় মাথায় গুলি লাগে রিয়া গোপের। পরে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। এদিকে মিরপুর ১৪ নম্বরের হাউজিং স্টাফ কোয়ার্টারে সাফকাত সামির (১১) ও তার চাচা মশিউর রহমান (১৬) বাসার বেডরুমে জানালার পাশে টেবিলে বসে পড়াশোনা করছিল। এসময় একটি গুলি মশিউরের ডান কাঁধ ভেদ করে সামিরের ডান চোখ দিয়ে ঢুকে মাথার পেছন দিয়ে বের হয়ে যায়। সামিরকে হাসপাতালে নিলে চিকিৎসক মৃত্যু ঘোষণা করেন। আর রাজধানীর উত্তরায় কোটা সংস্কার আন্দোলন চলাকালীন চারতলার বারান্দায় থাকা অবস্থায় গুলিতে নিহত হন নাইমা আক্তার সুলতানা।

(কালের কণ্ঠ, ৩১ জুলাই, ২০২৪ )

### শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন

বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে সারা দেশে শিশু অধিকার সপ্তাহ শুরু হয়েছে। দিবসটির এবারের প্রতিপাদ্য, ‘প্রতিটি শিশুর অধিকার, রক্ষা আমাদের অঙ্গীকার’। রোববার বাংলাদেশ শিশু একাডেমির মিলনায়তনে শিশু অধিকার সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা শারমীন এস মুরশিদ ছাত্র–জনতার অভ্যুত্থানে বিভিন্ন স্থানে শিশু নিহত হওয়ার ঘটনা তুলে ধরেন। তিনি বলেন, ‘আমাদের শিশুদের সঙ্গে যা ঘটেছে, তার কখনো মাফ হয় না। কিন্তু আমাদের শিশুরা যে সাহস দেখিয়েছে, তা আমাদের জন্য অনুপ্রেরণা হয়ে থাকবে। আমাদের বাংলাদেশ হতে হবে শিশুদের জন্য। পাড়ায় পাড়ায় খেলার মাঠ থাকবে। তাদের নিরাপত্তা নিয়ে আমাদের অভিভাবকদের চিন্তিত হতে হবে না।’

(প্রথম আলো, ২৯ সেপ্টেম্বর ২০২৪)

## বাংলাদেশে বন্যায় এখনো ২০ লাখ শিশু ঝুঁকিতে : ইউনিসেফ

জাতিসংঘ শিশু তহবিল ইউনিসেফ চলমান বন্যায় বাড়িঘর, স্কুল ও গ্রাম প্লাবিত হওয়ায় বাংলাদেশের পূর্বাঞ্চলের ২০ লাখেরও বেশি শিশু এখন ঝুঁকির মধ্যে রয়েছে বলে জানিয়েছে। সংস্থাটি বলছে, বিগত ৩৪ বছরে বাংলাদেশের পূর্বাঞ্চলে আঘাত হানা সবচেয়ে ভয়ংকর এই বন্যায় ৫৬ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে।

৩০ আগস্ট ২০২৪ এর সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নজিরবিহীন প্রবল মৌসুমি বৃষ্টিতে দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের প্রধান নদীগুলো উপচে পড়ছে। যার ফলে এখন পর্যন্ত ৫২ জনের বেশি মানুষের মৃত্যুর খবর পাওয়া গেছে। লাখ লাখ শিশু ও তাদের পরিবার পানিবন্দি হয়ে আছেন, তাদের কাছে নেই কোনো খাবার কিংবা জরুরি কোনো ত্রাণসামগ্রী। সরকারি লোকজন ও স্বেচ্ছাসেবকরা উদ্ধার-অভিযান চালিয়ে যাচ্ছেন।

বন্যা পরিস্থিতি প্রসঙ্গে বাংলাদেশে ইউনিসেফের ডেপুটি রিপ্রেজেন্টেটিভ এমা ব্রিগহাম বলেন, বাংলাদেশের পূর্বাঞ্চলের বন্যা শিশুদের ওপর চরম আবহাওয়াজনিত ঘটনা ও জলবায়ু সংকটের প্রভাবের ভয়াবহতাকে তুলে ধরেছে। অনেক শিশু তাদের প্রিয়জনকে হারিয়েছে, হারিয়েছে তাদের ঘর-বাড়ি ও বিদ্যালয়; তারা খুবই অসহায় অবস্থায় রয়েছে।

(কালের কণ্ঠ, ৩০ আগস্ট ২০২৪)

## ভোলায় চিকিৎসকের অবহেলায় শিশু মৃত্যু

ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসকের অবহেলায় আয়েশা নামে এক শিশুর মৃত্যুর অভিযোগ পাওয়া গেছে। ২৬ আগস্ট (সোমবার ) সকালে জন্ডিসে আক্রান্ত ওই শিশুর মৃত্যু হয়।

শিশু আয়শা সদর উপজেলার গুলি গ্রামের শাহাদাত হোসেন ও নুরজাহান বেগম দম্পতির তৃতীয় সন্তান। মৃত শিশুর বাবা শাহাদাত হোসেন জানান, বাড়িতে তার ১৪ দিনের শিশুকন্যা আয়েশা অসুস্থ হয়ে পড়লে তাকে শনিবার হাসপাতালে ভর্তি করানো হয়।

জন্ডিস আক্রান্ত হওয়ায় ওই শিশুকে স্ক্যানুতে রেখে চিকিৎসা দেয়া হচ্ছিল। চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী শিশুকে ইনজেকশন ও থেরাপিও দেয়া হয়।শিশুর মা নুরজাহান বেগম জানান, রোববার বিকেল থেকেই শিশুটির খাওয়া প্রায় বন্ধ হয়ে যায়। বিষয়টি ডিউটিতে থাকা নার্সদের জানালে, তারা তেমন গুরুত্ব দেননি। সোমবার সকাল সাড়ে ৮টায় শিশুর মৃত্যু হয়।

তাদের দাবি, হাসাপাতালে শিশুর যথাযথ চিকিৎসা হয়নি। কর্তৃপক্ষের গাফিলতির কারণেই শিশুটির মৃত্যু হয়েছে।

(সময় নিউজ, ২৬ আগস্ট ২০২৪)

## গ্রেপ্তার হয়ে ১৬ দিনে এসেছে ১৩৭ কিশোর

কোটা সংস্কার আন্দোলন চলাকালে বিভিন্ন মামলায় গ্রেপ্তার হয়ে গত ১৭ জুলাই থেকে ২ আগস্ট পর্যন্ত ১৬ দিনে ১৩৭ কিশোর বন্দি টঙ্গী শিশু উন্নয়ন কেন্দ্রে (বালক) এসেছে। টঙ্গীর কলেজগেট এলাকায় শিশু উন্নয়ন কেন্দ্রে গিয়ে জানা যায় এ তথ্য।

গণমাধ্যমসূত্রে জানা যায়, গত ২৮ জুলাই উচ্চ আদলতের নির্দেশে রিমান্ড বাতিল করে কারাগার থেকে টঙ্গী শিশু উন্নয়ন কেন্দ্রে আনা হয় ঢাকা কলেজের এক ছাত্রকে। এর পর থেকে বিভিন্ন কারাগারে আটক থাকা শিশু-কিশোরদের টঙ্গী শিশু উন্নয়ন কেন্দ্রে স্থানান্তর করা হয়। গত ১৫ জুলাই থেকে ১ আগস্ট বেলা ১১টা পর্যন্ত ১৩৭ শিশু-কিশোর বন্দি আসে। অথচ কেন্দ্রের মোট ধারণক্ষমতা ২০০। ১৪ জুলাই পর্যন্ত সেখানে বন্দির সংখ্যা ছিল ৫৭৩। এর মধ্যেই আরও ১৩৭ জনসহ বর্তমানে মোট বন্দির সংখ্যা ৭১০-এ দাঁড়িয়েছে।


সমাজসেবা অধিদপ্তরের অধীনে এ প্রতিষ্ঠানটি পরিচালিত হয়। প্রতিষ্ঠানটিতে আগে থেকেই ধারণক্ষমতার চেয়ে চার গুণ বন্দি শিশু-কিশোরদের রাখা হয়েছে বলে অভিযোগ আছে। সেই সঙ্গে আছে শিশু বন্দিদের চিকিৎসার জন্য পর্যাপ্ত চিকিৎসক ও নার্সের অভাব।

(সমকাল, ০৩ আগস্ট ২০২৪)


# শিশু অধিকার লঙ্ঘনের চিত্র


## জুলাই-সেপ্টেম্বর ২০২৪

### শিশুহত্যা
**২১৫**




### শিশু নির্যাতন
**১২৯**




### ৩ মাসে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে সহিংসতায় নিহত শিশুকিশোর
**১২৬**




*সেপ্টেমরে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় ৫ জন

সূত্র: প্রথম আলো, সংবাদ, ইত্তেফাক, সমকাল, জনকণ্ঠ, যুগান্তর, নয়া দিগন্ত, ডেইলি স্টার, নিউ এইজ, ঢাকা ট্রিবিউন, কয়েকটি অনলাইন নিউজ পোর্টাল এবং আইন ও সালিশ কেন্দ্র (আসক) কর্তৃক সংগৃহীত তথ্য।

## কেস স্টোরি

### জন্মদিনের কেক কাটা নিয়ে শিক্ষকের পিটুনিতে ছাত্রের মৃত্যুর অভিযোগ, স্কুলে ভাঙচুর

সাতক্ষীরার কালীগঞ্জে শিক্ষকদের মারধরে নবম শ্রেণির এক ছাত্রের মৃত্যু হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। নিহত ছাত্রের পরিবারের সদস্য ও একাধিক শিক্ষার্থীর ভাষ্য, স্কুলে জন্মদিনের কেক কাটা নিয়ে এক শিক্ষক ওই ছাত্রের বুকে হাঁটু দিয়ে আঘাত করেন।পরে সে বাড়ি ফিরে অসুস্থ হয়ে পড়ে। হাসপাতালে নেওয়ার পর চিকিৎসক ওই ছাত্রকে মৃত ঘোষণা করে।

অপর দিকে শিক্ষকদের দাবি, স্কুল থেকে বাড়ি গিয়ে ওই ছাত্র বিষপান করে আত্মহত্যা করেছে। এ ঘটনায় বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ চার শিক্ষককে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ।

ছাত্রের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে এলাকায় উত্তেজনা দেখা দেয়। স্থানীয় লোকজন বিদ্যালয়ের কয়েকটি কক্ষের আসবাব ও ১০-১২টি মোটরসাইকেল ভাঙচুর করেন। পরে তাঁরা তিন-চারটি মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেন।পরে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

তথ্যসূত্র: প্রথম আলো, ১৬ জুলাই ২০২৪

### কিশোরীকে ধর্ষণের মামলায় কনটেন্ট ক্রিয়েটর ইসমাইলকে আদালতে প্রেরণ

বিয়ের প্রলোভনে ১৬ বছর বয়সী এক কিশোরীকে ধর্ষণের অভিযোগে আলোচিত ফেসবুক ও ইউটিউবের কনটেন্ট ক্রিয়েটর ইসমাইল হোসেন (৩৫) কে আদালতে প্রেরণ করা হয়েছে। বুধবার (১০ জুলাই) সকালে হালুয়াঘাট থানা পুলিশ তাকে আদালতে পাঠায়।

এর আগে মঙ্গলবার (৯ জুলাই) সকালে ভুক্তভোগী ওই কিশোরীর মা বাদি হয়ে হালুয়াঘাট থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগ পাওয়ার পর হালুয়াঘাট থানা পুলিশ ইসমাইল হোসেনকে আটক করে।

অভিযুক্ত কনটেন্ট ক্রিয়েটর ইসমাইল হোসেন ময়মনসিংহের হালুয়াঘাট উপজেলার পশ্চিম কালিয়ানীকান্দা গ্রামের সুরুজ আলীর পুত্র।

অভিযোগসূত্রে জানা যায়, ধর্ষণের শিকার ওই কিশোরী বাড়িতে যাতায়াত ছিল ইসমাইলের।

তথ্যসূত্র: সমকাল, ২৫ জুলাই ২০২৪

### লিফটে উঠে ধর্ষণের শিকার ১০ বছরের শিশু

আশুলিয়ার ডিওএইচএস এলাকায় দ্বিতীয় শ্রেণির স্কুলছাত্রী ধর্ষণের শিকার।২ আগস্ট (শুক্রবার) সন্ধ্যায় ডিওএইচএসের একটি ভবনে এ ঘটনা ঘটে। শিশুটির বাবা মো. লুৎফর রহমান বলেন, সন্ধ্যা আনুমানিক ৭টায় তিনি বাজার করতে যাওয়ার সময় তার মেয়ে খাদিজা (১০) বাসার জন্য বালি তুলতে নামে।আধাঘণ্টা পর বাজার থেকে ফিরে এসে মেয়েকে না দেখতে পেয়ে তিনি দুশ্চিন্তায় পড়ে যান।মেয়েকে খুঁজতে বের হয়ে তিনি তার মেয়েকে কান্নারত অবস্থায় সিঁড়িতে দেখতে পান। কান্নার কারণ জিজ্ঞাসা করার পরে খাদিজা বলেন, ৯ তলায় ফ্ল্যাটে উঠার পথে তার বিল্ডিংয়ের কেয়ারটেকার খলিলুর রহমান (৫২) তাকে জোরপূর্বক লিফট থেকে নামিয়ে ৪র্থ তলার খালি ফ্ল্যাটে নিয়ে ধর্ষণ করেছে।

এ ঘটনায় আসামি খলিলুর রহমানকে নারী ও শিশু নির্যাতন আইনে গ্রেপ্তার করেছে আশুলিয়া থানা পুলিশ।

তথ্যসূত্র: আরটিভি নিউজ, ৩ আগস্ট ২০২৪

### ওষুধের দোকানে মাথায় অস্ত্রোপাচারে শিশুর মৃত্যু, পল্লিচিকিৎসক ও তার বাবা গ্রেপ্তার

৯ মাসের শিশু আসিফের মাথায় অস্ত্রোপাচার করেন পল্লিচিকিৎসক হাবিবুর রহমান। অস্ত্রোপাচারের সময়ই নাটোর শহরের পশ্চিম বাইপাস এলাকার রেনু ফার্মেসি নামের একটি ওষুধের দোকানে শিশুটি মারা যায়।

২৮ আগস্ট (বুধবার) বিকালে এই ঘটনা ঘটে।শিশু আসিফ হোসেন রাজশাহীর পুঠিয়া উপজেলার দমদমা গ্রামের বাসিন্দা আসাদুল ইসলামের ছেলে।মৃত শিশুর পিতা আসাদুল ইসলাম বলেন, তিন মাস ধরে তার ছোট্ট শিশুটি মাথাব্যথা জনিত কারণে অসুস্থ ছিল।ব্যথায় কান্নাকাটি করত।আর্থিক সচ্ছলতা না থাকায় শিশুটির উন্নত চিকিৎসা করাতে পারেননি তিনি। প্রতিবেশীর পরামর্শে শিশুকে নিয়ে বুধবার পল্লিচিকিৎসক হাবিবুর রহমানের কাছে আসেন। পল্লিচিকিৎসক জানান, শিশুর মাথায় হওয়া টিউমারটি অস্ত্রোপচারের মাধ্যমে ফেলে দিয়ে ছেলেকে সুস্থ করতে পারবেন। পল্লিচিকিৎসকের কথায় আশ্বস্ত হয়ে চিকিৎসার জন্য রাজি হন তিনি।দুপুরে ফার্মেসির একটি কক্ষেই শিশুটির অস্ত্রোপচার করেন হাবিবুর রহমান।দীর্ঘ সময় পর পল্লিচিকিৎসক কক্ষ থেকে বের হয়ে জানান, অস্ত্রোপচার শেষ হয়েছে, শিশুটি ঘুমাচ্ছে।এই কথায় সন্দেহ হলে বাবা-মা ভেতরে ঢুকে দেখেন তাদের ছেলে সন্তান মৃত অবস্থায় পড়ে আছে।

এ সময় শিশুটির পিতা-মাতার চিৎকারে আশপাশের লোকজন এসে পল্লিচিকিৎসক হাবিবুর রহমান ও তার বাবা ওষুধের দোকানের মালিক হাছেন আলীকে আটক করেন।পরে সেনাবাহিনী ও সদর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয় তাদের।

তথ্যসূত্র: ইত্তেফাক, ৩০ আগস্ট ২০২৪

## কেস স্টোরি

### কুড়িগ্রামে চকলেটের লোভ দেখিয়ে শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ

কুড়িগ্রামের চিলমারী উপজেলায় চকলেটের লোভ দেখিয়ে ৫ বছরের এক শিশুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ উঠেছে এক রাজমিস্ত্রির বিরুদ্ধে।

গত ১ সেপ্টেম্বর (রোববার) বিকেল ৩টার দিকে উপজেলার মজাইডাঙ্গা এলাকায় এ ঘটনা ঘটে। বর্তমানে শিশুটি চিলমারী স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। মজাইডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণির ওই শিক্ষার্থী স্কুল মাঠে খেলাধুলা করছিলেন। এ সময় অভিযুক্ত জেলাল শিশুটিকে বিস্কুট ও চকলেটের লোভ দেখিয়ে তার বাড়িতে নিয়ে ধর্ষণ চেষ্টা করে। এ সময় গোপনাঙ্গে রক্তপাত হলে শিশুটি আত্মচিৎকার করতে থাকলে জেলাল পালিয়ে যান। পরে শিশুটি বাড়ীতে গিয়ে মাকে জানালে তাকে দ্রুত চিলমারী স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করানো হয়।

চিলমারী হাসপাতালের আবাসিক চিকিৎসক কর্মকর্তা আবু রায়হান বলেন, ‘প্রাথমিকভাবে মনে হয়েছে, শিশুটিকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে।বর্তমানে শিশুটি শারীরিক ভাবে সুস্থ রয়েছেন।

তথ্যসূত্র: বিডিনিউজ২৪, ৩ সেপ্টেম্বর ২০২৪

### দেয়ালে আছড়ে ৩ মাসের শিশুকে হত্যার অভিযোগে বাবা আটক

নাটোর সদর উপজেলায় কান্নাকাটি করায় তিন মাস বয়সী সন্তান মুরসালিনকে দেওয়ালে আছড়ে হত্যার অভিযোগ উঠেছে। এ ঘটনায় শিশুটির বাবাকে আটক করেছে পুলিশ।

গণমাধ্যমসূত্রে জানা যায়, ১০ সেপ্টেম্বর ২০২৪ (মঙ্গলবার) মুরসালিনকে টিকা দিয়ে বাবার বাড়ি থেকে বুধবার স্বামীর বাড়িতে ফেরেন মা রুপা বেগম।দুপুরে রান্না-বান্না করে ছেলেকে রেখে পাশের বাড়িতে পানি আনতে গিয়েছিলেন তিনি। এ সময় শিশুটি কান্না-চিৎকার শুরু করলে রেগে গিয়ে বাবা ইয়াছিন আলী বাচ্চাটিকে ইটের দেয়ালে আছাড় দেয়। পানি নিয়ে বাড়িতে ফিরে মা রুপা বেগম দেখেন শিশুটি অচেতন, মাথা ও নাক-মুখে আঘাতের চিহ্ন।

পুলিশ কর্মকর্তা নেলী আরও বলেন, পুলিশ শিশুটির বাবাকে আটক করেছে। শিশুটির ময়নাতদন্ত করা হবে।এরপর তদন্ত করে প্রকৃতপক্ষে কি ঘটেছিল তা জানা যাবে।

তথ্যসূত্র: বিডিনিউজ২৪, ১২ সেপ্টেম্বর ২০২৪

## নির্যাতন প্রতিরোধে যোগাযোগ করুন

Ain o Salish Kendra (ASK)
আইন ও সালিশ কেন্দ্র (আসক)
০১৭২৪ ৪১৫ ৬৭৭
প্রতিদিন সকাল ৯ টা - বিকাল ৫ টা

শিশু সহায়তা
১০৯৮

বাল্যবিবাহ প্রতিরোধে হটলাইন
৩৩৩

১৬১০৮

NATIONAL EMERGENCY SERVICE
999

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে
109
টোল ফ্রি

Disclaimer: This document has been produced with the financial assistance of the European Union. The contents of this document are the sole responsibility of Child Rights Advocacy Coalition in Bangladesh (CRAC,B) and can under no circumstances be regarded as reflecting the position of the European Union.

SUSTAINABLE DEVELOPMENT GOALS

1 NO POVERTY | 2 ZERO HUNGER | 3 GOOD HEALTH AND WELL-BEING | 4 QUALITY EDUCATION | 5 GENDER EQUALITY | 13 CLIMATE ACTION | 16 PEACE, JUSTICE AND STRONG INSTITUTIONS | PROTECT CHILDREN FROM ABUSE, EXPLOITATION, TRAFFICKING AND VIOLENCE